নতুন ধারার দৈনিক
আমাদেরসময়

# উত্তরা ইউনিভার্সিটিতে সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যালামনাই রিইউনিয়ন অনুষ্ঠিত, কনসার্টে মাতাল ‘শিরোনামহীন’

**সংবাদ বিজ্ঞপ্তি**

**২০ সেপ্টেম্বর ২০২৬, ০২:৪৩ পিএম**




আবহমান স্মৃতি আর উৎসবমুখর পরিবেশের মধ্য দিয়ে উত্তরা ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছে ‘সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যালামনাই রিইউনিয়ন ২০২৬’। বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে গেল শুক্রবার (১৮ সেপ্টেম্বর) উত্তরা ক্যাম্পাসে এই পুনর্মিলনী আয়োজিত হয়।

অনুষ্ঠানের শুরুতে টেকসই উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণের বার্তা নিয়ে প্রাঙ্গণে বৃক্ষরোপণ করেন প্রধান অতিথি ঢাকা-১৮ আসনের সংসদ সদস্য এস. এম. জাহাঙ্গীর হোসেন এবং উত্তরা ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. ইয়াসমিন আরা লেখা। পরে আকাশে কবুতর উড়িয়ে আনুষ্ঠানিকভাবে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে এস. এম. জাহাঙ্গীর হোসেন বলেন, "অ্যালামনাই রিইউনিয়ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে প্রাক্তন শিক্ষার্থীদের সম্পর্ক দৃঢ় করার পাশাপাশি বর্তমান শিক্ষার্থীদের দিকনির্দেশনা ও অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার চমৎকার সুযোগ তৈরি করে।"

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ইয়াসমিন আরা লেখা একাডেমিক উৎকর্ষ ও উদ্ভাবনী শিক্ষার ধারাবাহিকতা বজায় রাখার প্রতিশ্রুতি ব্যক্ত করে বলেন, "প্রাক্তন শিক্ষার্থীদের পেশাগত সফলতা বিশ্ববিদ্যালয়ের সম্মান বাড়ায়। সিভিল ইঞ্জিনিয়ারিং পরিবারের এই ঐক্য প্রশংসনীয়।"

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আবদুর রশিদ; উত্তরা ইউনিভার্সিটির স্কুল অব সিভিল, এনভায়রনমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিংয়ের ডিন অধ্যাপক ড. মো. সুলতানুল ইসলাম এবং প্রধান অতিথির সহধর্মিণী রাজিয়া সুলতানা। সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. আশরাফুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন অ্যালামনাই সোসাইটির সভাপতি ও অনুষ্ঠান সচিব আবু তালিব পিকে।

বিভাগীয় অ্যাসোসিয়েশন, সিভিল ইঞ্জিনিয়ারিং সোসাইটি ও অফিস অব এক্সটার্নাল অ্যাফেয়ার্সের সহযোগিতায় আয়োজিত এই উদযাপনের মূল আকর্ষণ ছিল জনপ্রিয় ব্যান্ড ‘শিরোনামহীন’-এর পরিবেশনা। বিশ্ববিদ্যালয়ের ১৪ হাজারেরও বেশি শিক্ষার্থীর প্রাণবন্ত উপস্থিতিতে পুরো ক্যাম্পাস এক বিশাল উৎসবে রূপ নেয়।